বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
ডিআইটি ভবন (এ্যানেক্স), মতিঝিল, ঢাকা-২
নং এসওয়াই-১১/১৮৫

তারিখ : ২২ জুন ১৯৮৩

## কল্যাণ তহবিল প্রবিধানমালা

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ১৯৫৮ (১৯৫৮ সনের ৭৫ নং অধ্যাদেশ)-এর ধারা ১২ ও ১৩ এবং প্রজ্ঞাপন নং ৯৮৮৬-এইচটি, তারিখ : ২৯-১২-৫৯ দ্বারা সরকার কর্তৃক প্রণীত বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ বিধিমালা, ১৯৫৯-এর বিধি ৫-এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা—

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ কল্যাণ তহবিল প্রবিধানমালা, ১৯৮৩ নামে অভিহিত হইবে;

(২) ইহা এই প্রবিধানমালা প্রণয়নের তারিখের পূর্ববর্তী দুই বৎসরের মধ্যে অবসরপ্রাপ্তগণসহ কর্তৃপক্ষের কেবল নিয়মিত কর্মচারিগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে; এবং

(৩) ইহা ১ জুলাই ১৯৮৩ তারিখ হইতে বলবৎ হইবে।

**২। সংজ্ঞার্থ**—বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় নিম্নরূপ বুঝাইবে—

(১) 'কল্যাণ তহবিল' অর্থ এই প্রবিধানমালার প্রবিধান ৭-এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ কল্যাণ তহবিল;

(২) 'বোর্ড' অর্থ কর্তৃপক্ষ কর্তৃক গঠিত ট্রাস্টি বোর্ড;

(৩) 'কর্তৃপক্ষ' অর্থ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ১৯৫৮-এর ধারা ৩-এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ;

(৪) 'কর্তৃপক্ষের কর্মচারী' অর্থ অন্যান্য সংস্থায় প্রেষণে নিয়োজিতসহ কর্তৃপক্ষের সকল নিয়মিত কর্মচারী, কিন্তু ওয়ার্ক চার্জভিত্তিতে, মাস্টার রোলে, চুক্তিতে এবং প্রেষণে নিয়োজিত কর্মচারিগণ কর্তৃপক্ষের কর্মচারী বলিয়া গণ্য হইবেন না;

(৫) 'পরিবার' অর্থ (ক) কর্তৃপক্ষের পুরুষ কর্মচারীর ক্ষেত্রে, তাহার স্ত্রী অথবা স্ত্রীগণ এবং কর্তৃপক্ষের মহিলা কর্মচারীর ক্ষেত্রে, তাঁহার স্বামী; এবং

(খ) কর্তৃপক্ষের কর্মচারীর বৈধ সন্তান, দত্তক সন্তান (কর্তৃপক্ষের কেবল হিন্দু কর্মচারীর ক্ষেত্রে), পিতা-মাতা, অপ্রাপ্ত বয়স্ক ভাই, অবিবাহিত, তালাকপ্রাপ্ত অথবা বিধবা বোন, যাঁহারা তাঁহার সহিত একত্রে বসবাসরত এবং তাঁহার উপর সম্পূর্ণ নির্ভরশীল;

(৬) 'বেতন' অর্থ কর্তৃপক্ষের কোনো কর্মচারী কর্তৃক কর্তৃপক্ষের নিকট হইতে মূলবেতন হিসাবে মাসিক উত্তোলিত অর্থ যাহা কোনো ক্যাডারে তাঁহার অবস্থানগত কারণে তৎকর্তৃক স্থায়ীভাবে অধিকৃত কোনো পদের জন্য মঞ্জুরিকৃত এবং বিধিমালা, প্রবিধানমালা ও আদেশসমূহের অধীন সময়ে সময়ে বেতন হিসাবে ব্যাখ্যাকৃত অর্থ, যদি থাকে তাহাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৭) 'তপশিল' অর্থ এই প্রবিধানমালার তপশিল;

(৮) 'চিকিৎসা কর্তৃপক্ষ' অর্থ প্রধান চিকিৎসা কর্মকর্তা অথবা চিকিৎসক বোর্ড, যেরূপ কর্তৃপক্ষ নির্ধারণ করিবে;



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা

সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

(৯) 'চেয়ারম্যান' অর্থ বোর্ডের চেয়ারম্যান;
(১০) 'ফরম' অর্থ এই প্রবিধানমালার সহিত সংযোজিত ফরম;
(১১) 'সদস্য সচিব' অর্থ বোর্ডের সদস্য সচিব; এবং
(১২) 'কোষাধ্যক্ষ' অর্থ বোর্ডের কোষাধ্যক্ষ।

৩। **বিধিমালার প্রাধান্য**—অন্য কোনো আইন, বিধিমালা, প্রবিধানমালা, আদেশ, প্রজ্ঞাপন, চুক্তি অথবা অন্য কোনো দলিল অথবা দস্তাবেজে যাহা কিছুই থাকুক না কেন, এই প্রবিধানমালার বিধানসমূহ কার্যকর থাকিবে, তবে ইহাতে বর্ণিত কোনো কিছুই এই প্রবিধানমালার অধীন ব্যতীত অন্যভাবে, কর্তৃপক্ষের কোনো কর্মচারীর অবসর গ্রহণ অথবা অক্ষমতা কারণে, কোনো ভবিষ্যতহবিল, গ্র্যাচুইটি অথবা অন্য কোনো সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে তাঁহার অধিকার অথবা তাঁহার মৃত্যুতে, তাঁহার পরিবারের অধিকার ক্ষুণ্ন করিবে না।

৪। **ট্রাস্টি বোর্ড প্রতিষ্ঠা**—(১) কর্তৃপক্ষ কল্যাণ তহবিলের জন্য ট্রাস্টি বোর্ড নামে একটা বোর্ড প্রতিষ্ঠা করিবে যাহা একজন চেয়ারম্যান, একজন ভাইস-চেয়ারম্যান, একজন কোষাধ্যক্ষ ও অন্য দুইজন সদস্য সমন্বয়ে গঠিত হইবে;
(২) কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত বোর্ডের একজন সচিব থাকিবেন যিনি বোর্ডকে সকল সাচিবিক সহায়তা প্রদান করিবেন;
(৩) বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং এই প্রবিধানমালার বিধানাবলিসাপেক্ষে উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উহা স্বীয় নামে মামলা করিতে পারিবে এবং উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে; এবং
(৪) বোর্ডের প্রধান কার্যালয় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের সদর দপ্তর, ঢাকা অথবা কর্তৃপক্ষ কর্তৃক প্রজ্ঞাপিত অন্য কোনো স্থানে অবস্থিত হইবে।

৫। **বোর্ডের ক্ষমতা—বোর্ডের নিম্নরূপ ক্ষমতা থাকিবে—**
(১) কল্যাণঅনুদানের দাবিসমূহ এবং তৎসম্পর্কিত সকল বিষয় মীমাংসা করা;
(২) এই প্রবিধানমালার বিধানাবলি অনুসারে কর্তৃপক্ষের কর্মচারিগণ অথবা তাঁহাদের পরিবারবর্গকে কল্যাণ তহবিল হইতে অনুদান মঞ্জুর করা;
(৩) কল্যাণ তহবিলের অর্থ অথবা সম্পত্তির যথাযথ প্রশাসন ও ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় সকল কার্য ও বিষয় সম্পাদন করা অথবা সম্পাদন করানো;
(৪) কল্যাণ তহবিলের প্রশাসন ও ব্যবস্থাপনার সহিত সম্পর্কিত ব্যয় মঞ্জুর করা;
(৫) কল্যাণ তহবিলে সঞ্চিত অর্থ সরকারি সিকিউরিটি এবং ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এর ইউনিট অথবা জাতীয় বিনিয়োগ ট্রাস্ট এবং অন্য যে-কোনো লাভজনক উদ্যোগ-এ বিনিয়োগ করা;
(৬) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, কল্যাণ তহবিলের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বোর্ডের নিকট প্রয়োজনীয় বলিয়া বিবেচিত ব্যক্তিগণকে, বোর্ড যেরূপ নির্ধারণ করিবে সেইরূপ শর্তে, নিয়োগ করা;
(৭) কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে, বোর্ডের প্রয়োজনীয়তা পূরণকল্পে ঋণ সংগ্রহ করা; এবং
(৮) উল্লিখিত যে-কোনো ক্ষমতার অথবা কল্যাণ তহবিলের উদ্দেশ্যের সহিত আনুষঙ্গিক সকল বিষয় সম্পাদন করা অথবা সম্পাদন করানো।

মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২/১২/২৩
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা

২১/১২/২০২৩
সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

**৬। বোর্ডের সভা**—(১) বোর্ডের সভা সাধারণত প্রতি দুই মাসে ন্যূনতম একবার অনুষ্ঠিত হইবে এবং বোর্ডের চেয়ারম্যান কর্তৃক উক্ত সভা আহূত হইবে;

(২) কোনো বিশেষ পরিস্থিতিতে বোর্ডের চেয়ারম্যান উপযুক্ত মনে করিলে যে-কোনো তারিখ ও সময়ে নিয়মিত সভা ব্যতীতও বোর্ডের সভা আহ্বান করিতে পারিবেন;

(৩) বোর্ডের সভায় ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে;

(৪) বোর্ডের প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে, সভার সভাপতির একটি নির্ণায়ক ভোট থাকিবে; এবং

(৫) বোর্ডের সভায় চেয়ারম্যান অথবা, তাঁহার অনুপস্থিতিতে, ভাইস-চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন।

**৭। কল্যাণ তহবিল প্রতিষ্ঠা**—(১) বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ কল্যাণ তহবিল নামে একটি তহবিল প্রতিষ্ঠিত হইবে;

(২) কল্যাণ তহবিলে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা—

(ক) কল্যাণ তহবিলের চাঁদা হিসাবে কর্তৃপক্ষের কর্মচারিগণ কর্তৃক প্রদত্ত সকল অর্থ;

(খ) কর্তৃপক্ষ এবং অন্য কোনো সংস্থা ইত্যাদি কর্তৃক প্রদত্ত সকল অনুদান;

(গ) বেসরকারি ব্যক্তি অথবা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত দান;

(ঘ) কল্যাণ তহবিলের মালিকানাধীন সম্পদ অথবা উক্ত তহবিলের বিনিয়োগকৃত অর্থ হইতে লব্ধ সকল আয়, মুনাফা অথবা সুদ; এবং

(ঙ) কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে, বোর্ড কর্তৃক গৃহীত ঋণ; এবং

(৩) কল্যাণ তহবিলে জমাকৃত অর্থ বোর্ড কর্তৃক নির্ধারিত ব্যাংকসমূহে রক্ষিত হইবে।

**৮। কর্তৃপক্ষের কর্মচারিগণ কর্তৃক প্রদেয় চাঁদা**—(১) কর্তৃপক্ষের প্রত্যেক কর্মচারী কল্যাণ তহবিলে মাসিক চাঁদা প্রদান করিবেন এবং উক্ত চাঁদার অর্থ মাসিক বেতনের বিল হইতে কর্তন করা হইবে এবং উহা কর্তৃপক্ষের হিসাব বিভাগ কর্তৃক কল্যাণ তহবিলে জমা করা হইবে। কল্যাণ তহবিলের চাঁদার হার হইবে যেখানে মাসিক বেতন—

(ক) টাকা ২০০.০০ অথবা তদূর্ধ্ব কিন্তু টাকা ৩০০.০০-এর কম, সেইখানে টাকা ১.৫০;

(খ) টাকা ৩০০.০০ অথবা তদূর্ধ্ব কিন্তু টাকা ৪০০.০০-এর কম, সেইখানে টাকা ২.৫০;

(গ) টাকা ৪০০.০০ অথবা তদূর্ধ্ব কিন্তু টাকা ৫০০.০০-এর কম, সেইখানে টাকা ৩.৫০;

(ঘ) টাকা ৫০০.০০ অথবা তদূর্ধ্ব কিন্তু টাকা ৬০০.০০-এর কম, সেইখানে টাকা ৫.০০;

(ঙ) টাকা ৬০০.০০ অথবা তদূর্ধ্ব কিন্তু টাকা ৭০০.০০- এর কম, সেইখানে টাকা ৬.০০;

(চ) টাকা ৭০০.০০ অথবা তদূর্ধ্ব কিন্তু টাকা ৮০০.০০-এর কম, সেইখানে টাকা ৭.০০;

(ছ) টাকা ৮০০.০০ অথবা তদূর্ধ্ব কিন্তু টাকা ৯০০.০০-এর কম, সেইখানে টাকা ৮.০০;

(জ) টাকা ৯০০.০০ অথবা তদূর্ধ্ব কিন্তু টাকা ১,০০০.০০-এর কম, সেইখানে টাকা ৯.০০; এবং

(ঝ) টাকা ১,০০০.০০ অথবা তদূর্ধ্ব সেইখানে বেতনের শতকরা এক ভাগ এবং ভগ্নাংশের ক্ষেত্রে নিকটতম টাকায় রূপান্তরিত হইবে, তবে ইহার পরিমাণ মাসিক টাকা ২০.০০-এর উর্ধ্বে হইবে না।

(২) কর্তৃপক্ষের হিসাব বিভাগ মাসিক কর্তিত অর্থের বিস্তারিত হিসাব নির্ধারিত ফরমে বোর্ডের কোষাধ্যক্ষের নিকট পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে অবশ্যই পেশ করিবার জন্য দায়ী থাকিবে; এবং

(৩) অসতর্কতা, অবহেলা অথবা ভুলবশত কর্তৃপক্ষের কোনো কর্মচারীর বেতন না উত্তোলনের কারণে অথবা অন্য যে-কোনো কারণে তাহার চাঁদা অপরিশোধিত থাকিলে প্রবিধান ৯-এ উল্লিখিত কল্যাণঅনুদান প্রাপ্তির তাঁহার অথবা



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১/১২/১৭
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা

১১/১২/২০১৭
সাব্রিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

তাঁহার পরিবারের অধিকার ক্ষুণ্ণ হইবে না, তবে অপরিশোধিত চাঁদার অর্থ কল্যাণঅনুদান হইতে কর্তন করা যাইবে।

**৯। কল্যাণ তহবিল হইতে প্রদেয় অনুদান যদি কর্তৃপক্ষের কোনো কর্মচারী**—(১) তাঁহার চাকুরির দায়িত্ব পালনে শারীরিক অথবা মানসিকভাবে সম্পূর্ণ অক্ষম হইয়াছেন বলিয়া চিকিৎসা কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত হন এবং সেই কারণে চাকুরি হইতে অপসারিত অথবা অবসরপ্রাপ্ত হন অথবা স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন; অথবা
(২) তাঁহার চাকুরিকালীন মৃত্যুবরণ করেন অথবা তিনি কর্তৃপক্ষের অবসরপ্রাপ্ত কর্মচারী হইলে অবসর গ্রহণের তারিখ হইতে ৫ বৎসরের মধ্যে মৃত্যুবরণ করেন, তাহা হইলে তিনি অথবা তাঁহার মৃত্যুর ক্ষেত্রে তাঁহার পরিবার ১০ বৎসরের জন্য অথবা ঐ তারিখ পর্যন্ত যে তারিখে কর্তৃপক্ষের কর্মচারী (মৃত কর্মচারী হইলে তিনি জীবিত থাকিলে) এইরূপ বয়সে উপনীত হন যাহা অবসর গ্রহণের বয়স হইতে ৫ বৎসরের উর্ধ্বে নহে, উভয়ের মধ্যে যাহা আগে শেষ হইবে, উপ-প্রবিধান (৩)-এ বর্ণিত হারে কল্যাণ তহবিল হইতে কল্যাণঅনুদান পাইবার অধিকারী হইবেন;
তবে শর্ত থাকে, এই প্রবিধানের অধীন কর্তৃপক্ষের যে-কর্মচারী কল্যাণঅনুদান উত্তোলনের পর মৃত্যুবরণ করেন তাহার ক্ষেত্রে যে তারিখ হইতে তিনি উক্ত অনুদান উত্তোলন শুরু করিয়াছেন সেই তারিখ হইতে উক্ত ১০ বৎসরের মেয়াদ গণনা করা হইবে;
(৩) দফা (১) ও (২)-এর অধীন মাসিক প্রদেয় অনুদানের পরিমাণ হইবে, কর্তৃপক্ষের যে-কর্মচারীর মাসিক বেতন—

(ক) অনধিক টাকা ৩০০ তাহার ক্ষেত্রে টাকা ১০০;
(খ) টাকা ৩০১ হইতে টাকা ৫০০-এর মধ্যে তাহার ক্ষেত্রে টাকা ১৭০;
(গ) টাকা ৫০১ হইতে টাকা ১০০০-এর মধ্যে তাহার ক্ষেত্রে টাকা ৩৩০;
(ঘ) টাকা ১০০১ হইতে টাকা ১৫০০-এর মধ্যে তাহার ক্ষেত্রে টাকা ৪০০; এবং
(ঙ) টাকা ১৫০১ অথবা তদূর্ধ্ব তাহার ক্ষেত্রে টাকা ৬০০।

**১০। উদ্বর্তন সুবিধা**—(১) কর্তৃপক্ষের কোনো কর্মচারী প্রবিধান ৮-এর অধীন প্রদেয় চাঁদার অতিরিক্ত তাঁহার বেতনের ০.৭০% হারে কল্যাণ তহবিলে মাসিক চাঁদা প্রদান করিলে তাঁহার চাকুরি হইতে অবসর গ্রহণের পর তাহাকে কল্যাণ তহবিলে তাঁহার চাঁদা প্রদানের প্রত্যক পূর্ণ বৎসরের জন্য তাঁহার সর্বশেষ উত্তোলিত মাসিক বেতনের ৮% হারে অনূর্ধ্ব টাকা ৪০০০ (চার হাজার টাকা) এককালীন প্রদান করা হইবে; এবং
(২) উপ-প্রবিধান (১)-এর অধীন এককালীন অর্থ প্রদান দ্বারা প্রবিধান ৯-এর অধীন কল্যাণঅনুদান প্রাপ্তির অধিকার ক্ষুণ্ন হইবে না।

**১১। কল্যাণ তহবিল হইতে প্রদেয় বিশেষ অনুদান**—বোর্ড, এই প্রবিধানমালার অধীন প্রাপ্য অন্য কোনো অনুদানের অতিরিক্ত, নিম্নবর্ণিত অনুদানসমূহ কর্তৃপক্ষের কোনো কর্মচারী অথবা তাহার পরিবারের কোনো সদস্যকে প্রদান করিতে পারিবে, যথা—

(ক) কর্তৃপক্ষের কর্মচারীর নিজের কোনো কার্য অথবা কার্যচ্যুতির ফলে নহে এইরূপ চরম আর্থিক অভাব-অনটনের ক্ষেত্রে কর্তৃপক্ষের কর্মচারীর বেতনের দুই মাসের সমপরিমাণ এককালীন অনুদান;

(খ) কর্তৃপক্ষের কোনো কর্মচারী অথবা মৃত অথবা অক্ষম অথবা অবসরপ্রাপ্ত কর্মচারীর, যাহার বেতন অথবা ক্ষেত্র-অনুযায়ী, সর্বশেষ বেতন মাসিক টাকা ৭৫০-এর উর্ধ্বে নহে, কন্যার বিবাহের জন্য অনূর্ধ্ব টাকা ১০০০ এককালীন অনুদান, তবে শর্ত থাকে, এইরূপ অনুদান একবারের অধিক প্রদান করা হইবে না; এবং



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১/১২/১৭
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা

১১/১২/২০১৭
সাবিকুন নাহার
বিশেষজ্ঞ

(গ) বোর্ড যেরূপ নির্ধারণ করিবে সেইরূপ শর্তে ও মেয়াদের জন্য কর্তৃপক্ষের কর্মচারীর অথবা মৃত অথবা অক্ষম অথবা অবসরপ্রাপ্ত কর্মচারীর সন্তানদের শিক্ষার জন্য সন্তান প্রতি মাসিক অনূর্ধ্ব টাকা ১০০ বৃত্তি।

**১২। এককালীন অনুদান**—বোর্ড, কর্তৃপক্ষের কোনো কর্মচারী মৃত্যুবরণ করিলে অথবা সম্পূর্ণরূপে অক্ষম হইলে, তাৎক্ষণিকভাবে তাঁহাকে প্রদানের জন্য এককালীন অনুদান মঞ্জুর করিবে এবং উহার পরিমাণ হইবে—

(ক) টাকা ৩০০ পর্যন্ত বেতন গ্রহণকারী কর্তৃপক্ষের কর্মচারীর ক্ষেত্রে অনূর্ধ্ব টাকা ৫০০;

(খ) টাকা ৩০১ হইতে টাকা ৫০০ পর্যন্ত বেতন গ্রহণকারী কর্তৃপক্ষের কর্মচারীর ক্ষেত্রে অনূর্ধ্ব টাকা ৬০০;

(গ) টাকা ৫০১ হইতে টাকা ১০০০ পর্যন্ত বেতন গ্রহণকারী কর্তৃপক্ষের কর্মচারীর ক্ষেত্রে অনূর্ধ্ব টাকা ১২০০;

(ঘ) টাকা ১০০১ হইতে টাকা ১৫০০ পর্যন্ত বেতন গ্রহণকারী কর্তৃপক্ষের কর্মচারীর ক্ষেত্রে অনূর্ধ্ব টাকা ২০০০; এবং

(ঙ) টাকা ১৫০১ ও তদূর্ধ্ব বেতন গ্রহণকারী কর্তৃপক্ষের কর্মচারীর ক্ষেত্রে অনূর্ধ্ব টাকা ৩০০০।

**১৩। কল্যাণঅনুদান প্রদান**—প্রবিধান ৯ ও ১২-এর অধীন অনুদান, অক্ষমতার ক্ষেত্রে, কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মচারীকে, এবং কর্তৃপক্ষের মৃত কর্মচারীর ক্ষেত্রে, তাঁহার বিধবা অথবা বিপত্নীককে তাঁহার পুনঃবিবাহ না হওয়া পর্যন্ত, উহা প্রদান করা হইবে, এবং যদি কোনো বিধবা অথবা বিপত্নীক না থাকেন অথবা তিনি পুনঃবিবাহ করেন, তাহা হইলে কর্তৃপক্ষের মৃত কর্মচারীর সন্তানগণকে প্রদান করা হইবে।

**১৪। দাবি শেষ করার সময়সীমা**—(১) এই প্রবিধানমালার অধীন কল্যাণঅনুদানের দাবি কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মচারীর মৃত্যুবরণ বা, ক্ষেত্র-অনুযায়ী অক্ষমতা অর্জনের ছয় মাসের মধ্যে এই প্রবিধানমালার অধীন তজ্জন্য নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট দপ্তর অথবা কার্যালয়প্রধানের নিকট আবেদনপত্র পেশ করিয়া নিবন্ধন করিতে হইবে;

(২) দপ্তর অথবা কার্যালয়প্রধান, কর্তৃপক্ষের কর্মচারীর মৃত্যু অথবা অক্ষমতার তথ্য প্রাপ্তির পর অবিলম্বে সুবিধাসমূহ নিষ্পত্তি অথবা মঞ্জুরের লক্ষ্যে প্রয়োজনীয় ফরমসমূহ পূরণের নিমিত্ত কর্তৃপক্ষের কর্মচারীর মনোনীত ব্যক্তির নিকট, যদি পাওয়া যায়, তাহা প্রেরণ করিবেন, অথবা দপ্তর অথবা কার্যালয়প্রধান অন্য যে-ব্যক্তিকে উক্ত তথ্যের জন্য উপযুক্ত মনে করিবেন তাঁহার নিকট অথবা ক্ষেত্র-অনুযায়ী স্বয়ং কর্তৃপক্ষের কর্মচারীর নিকট প্রেরণ করিবেন।

**১৫। হিসাব পরিচালনা ও রক্ষণ**—(১) বোর্ড সময়ে সময়ে যেরূপ নির্দেশ প্রদান করিবে সেইরূপ পদ্ধতি ও ফরমে বোর্ডের কোষাধ্যক্ষ কর্তৃক কল্যাণ তহবিলের একটি পৃথক হিসাব রক্ষিত হইবে;

(২) তহবিল হইতে কোনো অর্থ উত্তোলনের প্রয়োজন হইলে তাহা বোর্ডের চেয়ারম্যান ও সদস্য সচিবের যৌথ স্বাক্ষরিত চেক দ্বারা ব্যাংক হইতে উত্তোলন করা হইবে; এবং

(৩) প্রত্যেক অর্থবৎসর শেষে বোর্ড কর্তৃপক্ষের নিকট ফরম খ-তে বার্ষিক হিসাববিবরণী পেশ করিবে।

**১৬। হিসাব নিরীক্ষা**—(১) কল্যাণ তহবিলের বার্ষিক হিসাব বোর্ড সভায় গৃহীত সুনির্দিষ্ট সিদ্ধান্ত-অনুযায়ী বোর্ড কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান কর্তৃক নিরীক্ষিত হইবে।

মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২/১২/১৯
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা

২২/১২/২০১৯
সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

**১৭। চাঁদা ফেরত পাইবার অধিকারহীনতা**—যদি কর্তৃপক্ষের কোনো কর্মচারী চাকুরি ত্যাগ করেন অথবা চাকুরি হইতে অবসর গ্রহণ করেন অথবা বরখাস্ত অথবা অপসারিত হন, তাহা হইলে তিনি তাহার চাকুরিকালীন তৎকর্তৃক তহবিলে প্রদত্ত চাঁদা ফেরত পাইবার অধিকারী হইবেন না।

**১৮। দায়মুক্তি**—এই প্রবিধানমালা-অনুসারে সরল বিশ্বাসে কোনো কিছু করিবার অথবা করিবার অভিপ্রায়ের জন্য বোর্ড অথবা কোনো কর্মকর্তা অথবা অন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির বিরুদ্ধে কোনো মামলা, মোকদ্দমা অথবা অন্য কোনো কার্যধারা চলিবে না।

**১৯। আবেদনপত্রের ফরমসমূহ**—(১) প্রবিধান ৯, ১০ এবং ১১ (ক) ও (খ)-এর অধীন অনুদানের জন্য এই প্রবিধানমালার পরিশিষ্ট ক-এ প্রদত্ত ফরমে বোর্ডের নিকট আবেদন করিতে হইবে এবং আবেদনকারী কর্তৃক কার্যালয়ের প্রধানের মাধ্যমে পেশ করিতে হইবে;

(২) প্রবিধান ১১ (গ)-এর অধীন কল্যাণ তহবিল হইতে বৃত্তির জন্য এই প্রবিধানমালার পরিশিষ্ট খ-এ প্রদত্ত ফরমে বোর্ডের নিকট আবেদন করিতে হইবে;

(৩) প্রবিধান ১০-এর অধীন প্রাপ্য উদ্বর্তন সুবিধার জন্য এই প্রবিধানমালার পরিশিষ্ট গ-এ প্রদত্ত ফরমে আবেদন করিতে হইবে;

(৪) সকল আবেদনপত্র কর্তৃপক্ষের কর্মচারী যে-দপ্তর অথবা কার্যালয়ে কর্মরত অথবা, ক্ষেত্র-অনুযায়ী সর্বশেষ কর্মরত ছিলেন সেই দপ্তর অথবা কার্যালয়ের প্রধানের মাধ্যমে পেশ করিতে হইবে; এবং

(৫) বোর্ড নির্ধারিত ফরমসমূহের কোনো পরিবর্ধন অথবা পরিবর্তন করিতে পারিবে এবং এই প্রবিধানমালার অধীন নির্ধারিত ফরমসমূহের অতিরিক্ত নূতন ফরম নির্ধারণ করিতে পারিবে।

**২০। সংশোধন/রহিত করিবার ক্ষমতা**—কর্তৃপক্ষ সময়ে সময়ে প্রয়োজন মনে করিলে, এই প্রবিধানমালার যে-কোনো প্রবিধান সংশোধন/রহিত/প্রতিস্থাপন করিতে পারিবে।



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা

সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

পরিশিষ্ট ক

(প্রবিধান ১৯ (১) দ্রষ্টব্য)

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ কর্মচারী কল্যাণ তহবিল হইতে অনুদান প্রাপ্তির আবেদনপত্র

১। কর্তৃপক্ষের মৃত/অক্ষম কর্মচারীর নাম ও পদের নাম :

২। পিতার নাম :

৩। কর্মচারীর জন্মতারিখ :

৪। চাকুরিতে যোগদানের তারিখ :

৫। (ক) মৃত্যুর তারিখ :

(কার্যালয়প্রধান/ডাক্তার/স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যন কর্তৃক প্রদত্ত মৃত্যুর সনদ সংযোজন করিতে হইবে)

(খ) অক্ষমতাজনিত অবসর গ্রহণের তারিখ :

(অক্ষমতাজনিত চিকিৎসাসনদ সংযোজন করিতে হইবে)

(গ) স্বাভাবিক অবসর গ্রহণের তারিখ :

৬। কর্মচারী তাহার মৃত্যু/অক্ষমতা/অবসর গ্রহণের সময় যে-কার্যালয়ে পদায়িত ছিলেন উহার নাম ও ঠিকানা :

৭। মৃত্যু/অক্ষমতার সময় যে-পদে অধিষ্ঠিত ছিলেন :

৮। মাসিক সর্বশেষ প্রাপ্ত বেতন :

(ক) মূলবেতন ও বেতনের স্কেল :

(খ) বিশেষ বেতন/কারিগরি বেতন/ব্যক্তিগত বেতন :

৯। যে-ব্যাংক হইতে আবেদনকারী কল্যাণঅনুদান তুলিতে চাহেন উহার নাম :

১০। আবেদনকৃত অনুদানের প্রকৃতি ও পরিমাণ :

(১) এককালীন অনুদান - টাকা

(২) চলমান মাসিক অনুদান - টাকা

(৩) কন্যার বিবাহের জন্য অনুদান - টাকা

১১। (ক) যে-কন্যার বিবাহের জন্য অনুদানের আবেদন করা হইয়াছে তাহার নাম ও বয়স ইত্যাদি :

(খ) ইহা কন্যার প্রথম বিবাহ কি না?

১২। প্রমাণপত্রসহ, যদি থাকে, আবেদনের কারণ :

১৩। বিধবা কর্তৃক আবেদনের ক্ষেত্রে তিনি যে-বিবাহিত নহেন সেই মর্মে একটি বিবৃতি :

১৪। পরিবারের সদস্যগণের বিবরণ (নিচের টীকায় পরিবারের সংজ্ঞার্থ দেখুন)

| ক্রমিক নং | নাম | বয়স | মৃত অথবা অক্ষম কর্মচারীর সহিত সম্পর্ক |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| ৪। | | | |
| ৫। | | | |

টীকা : (১) 'পরিবার' অর্থ—



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২/১২/১৭
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা

২২/১২/২০১৭
সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

(ক) কর্তৃপক্ষের পুরুষ কর্মচারীর ক্ষেত্রে, তাঁহার স্ত্রী অথবা স্ত্রীগণ এবং মহিলা কর্মচারীর ক্ষেত্রে, তাঁহার স্বামী; এবং

(খ) কর্তৃপক্ষের কর্মচারীর বৈধ সন্তানগণ, দত্তক সন্তানগণ (কেবল হিন্দু কর্মচারীর ক্ষেত্রে), পিতা-মাতা, অপ্রাপ্তবয়স্ক ভাই, অবিবাহিত/তালাকপ্রাপ্ত/বিধবা বোন, যাহারা কর্মচারীর মৃত্যু অথবা অক্ষমতাজনিত অবসর গ্রহণ কালে তাঁহার সহিত একত্রে বসবাসরত এবং তাঁহার উপর সম্পূর্ণ নির্ভরশীল ছিলেন।

(২) কল্যাণঅনুদানের জন্য আবেদনকারীর তিনখানা সত্যায়িত পাসপোর্ট আকারের ছবি এবং তিনখানা নমুনা স্বাক্ষর আবেদনপত্রের সহিত সংযোজন করিতে হইবে।

আমি সশ্রদ্ধ দৃঢ়ভাবে ঘোষণা করিতেছি যে উল্লিখিত তথ্যাবলি আমার সর্বোত্তম জ্ঞান ও বিশ্বাস মতে সত্য, এবং আমি কোনো কিছু গোপন করি নাই। যদি কখনও প্রকাশ পায় যে আমি কোনো গুরুত্বপূর্ণ তথ্য গোপন করিয়াছি, তাহা হইলে অনুদান বন্ধ করিয়া দেওয়া যাইবে এবং আমি ইতোমধ্যে গৃহীত অর্থ ফেরত প্রদানের জন্য দায়ী থাকিব।

স্থায়ী ঠিকানা :

আবেদনকারীর স্বাক্ষর ও নাম

বর্তমান ঠিকানা :

প্রত্যয়নপত্রসমূহ :

(ক) প্রত্যয়ন করা যাইতেছে যে কলাম ১—৮-এ প্রদত্ত তথ্যসমূহ কার্যালয়ে প্রাপ্ত রেকর্ড হইতে পরীক্ষা করা হইয়াছে এবং উহা যথাযথ পাওয়া গিয়াছে;

(খ) আরও প্রত্যয়ন করা যাইতেছে যে কল্যাণ তহবিলের সর্বশেষ চাঁদা কর্তৃপক্ষের মৃত/অক্ষম কর্মচারী কর্তৃক তাহার---------------- মাসের বেতন বিল হইতে প্রদত্ত হইয়াছে;

(গ) আরও প্রত্যয়ন করা যাইতেছে যে কর্তৃপক্ষের মৃত/অক্ষম কর্মচারী কনটিনজেন্সি অথবা ওয়ার্ক চার্জড কর্মচারী ছিলেন না অথবা মাস্টার রোলের ভিত্তিতে তাঁহাকে বেতন প্রদান করা হইত না; এবং

(ঘ) আবেদনকারীকে কল্যাণঅনুদান গ্রহণের জন্য মনোনীত করা হইল।

স্বাক্ষর

সিলসহ কার্যালয়/দপ্তরপ্রধানের নাম ও পদের নাম



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১/১২/১৭
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা।

২৮, মার্চ ২০
১১/১২/২০১৭
সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

পরিশিষ্ট-খ

(প্রবিধান ১৯ (২) দ্রষ্টব্য)

কল্যাণ তহবিল হইতে বৃত্তি প্রদানের আবেদনপত্র

১। (ক) আবেদনকারীর নাম :

(খ) জন্মতারিখ :

২। পিতার নাম :

৩। পিতা চাকুরিরত, মৃত, না চাকুরিতে অক্ষম হইয়াছেন :

৪। পিতা বর্তমানে/সর্বশেষ যে-পদে অধিষ্ঠিত রহিয়াছেন/ছিলেন এবং কার্যালয়ের নাম :

৫। পিতার বর্তমান/সর্বশেষ বেতন এবং কল্যাণ তহবিলের নিয়মিত চাঁদা দানকারী কি না?

৬। পিতার মৃত্যু/অক্ষমতা অর্জনের তারিখ (পিতা মৃত হইলে তিনি চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিয়াছেন কি না তাহা স্পষ্টরূপে উল্লেখ করিতে হইবে)

৭। কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত গ্র্যাচুইটির পরিমাণ :

৮। মৃত/অক্ষম কর্মচারীর উপর নির্ভরশীলদের জন্য কল্যাণ তহবিল হইতে প্রদত্ত বিভিন্ন প্রকার সাহায্যের পরিমাণ, যদি থাকে :

৯। (ক) শ্রেণি/কোর্স যে-কারণে বৃত্তির প্রয়োজন :

(খ) কোর্সের সময় (আরম্ভ ও সমাপ্তির ঠিক তারিখ উল্লেখ করিতে হইবে) :

(গ) যে-প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করিতে ইচ্ছুক :

(ঘ) প্রাপ্ত অন্য কোনো বৃত্তির বিস্তারিত বিবরণ :

১০। বোর্ড/বিশ্ববিদ্যালয়-এর উত্তীর্ণ পরীক্ষার, যদি থাকে, বিশদ বিবরণ, প্রাপ্ত বিভাগ ও পরীক্ষায় উত্তীর্ণ হইবার তারিখসহ :

১১। ডিগ্রি, স্নাতকোত্তর, পেশাজীবী, প্রকৌশল অথবা চিকিৎসা শ্রেণির জন্য বৃত্তি প্রার্থনা করা হইলে, সর্বশেষ উত্তীর্ণ পরীক্ষায় প্রাপ্ত বিস্তারিত নম্বরের সত্যায়িত অনুলিপি সংযোজন করিতে হইবে। উত্তীর্ণ পরীক্ষাসমূহের প্রত্যয়নপত্রের এবং যেসকল প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করিয়াছে উহাদের প্রধানগণের প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করিতে হইবে। যদি উত্তীর্ণ বিভিন্ন পরীক্ষার তারিখসমূহের মধ্যে কোনো অস্বাভাবিক বিরতি থাকে, তাহা হইলে সেই সম্পর্কে পূর্ণ তথ্য প্রদান করিতে হইবে :

১২। বৃত্তি নবায়নের জন্য আবেদনের ক্ষেত্রে পূর্ববর্তী বৃত্তি মঞ্জুরের নম্বর ও তারিখ :

আমি সশ্রদ্ধচিত্তে দৃঢ়ভাবে ঘোষণা করিতেছি যে উল্লিখিত আবেদনপত্রের তথ্যসমূহ আমার সর্বোত্তম জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং আমি কোনো কিছুই গোপন করি নাই।

তারিখ : আবেদনকারীর স্বাক্ষর ও নাম

----------- এর পুত্র/কন্যা/স্ত্রী/বিধবা

ঠিকানা :

প্রতিস্বাক্ষর :

পিতা/মাতা/অভিভাবকের স্বাক্ষর :

তারিখ :

মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১/১২/১৯
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

১১/১২/২০১৯
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

## আবেদনকারী যে-প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণরত উহার প্রধানের প্রত্যয়নপত্র

প্রত্যয়ন করা যাইতেছে যে আবেদনকারী --------------- পিতা---------------- এই প্রতিষ্ঠানের ------------- শ্রেণির ছাত্র এবং সে প্রার্থিত বৃত্তি লাভের উপযুক্ত। সে বর্তমানে ------------ শ্রেণিতে --------- তারিখে ভর্তি হইয়াছে যাহার শিক্ষাবর্ষ -----------তারিখে আরম্ভ ও ---------- তারিখে শেষ হইবে।

তারিখ :

দাপ্তরিক সিলসহ স্বাক্ষর ও পদের নাম

## আবেদনকারীর পিতার কার্যালয় প্রধানের প্রত্যয়নপত্র

আমি এই কার্যালয়ের প্রাপ্ত রেকর্ড হইতে উপরের ক্রমিক নং ১—১২-এ প্রদত্ত তথ্যসমূহ প্রত্যয়ন ও সত্যায়ন করিতেছি এবং বৃত্তির জন্য সুপারিশ করিতেছি/করিতেছি না।

তারিখ :

কার্যালয়ের প্রধান/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও নাম
(দাপ্তরিক সিলসহ)



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

22/12/19
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা।

22/12/2019
সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

পরিশিষ্ট-গ

(প্রবিধান ১৯ (৩) দ্রষ্টব্য)

কল্যাণ তহবিল হইতে উদ্বর্তন সুবিধার জন্য আবেদনপত্র

১। (ক) কর্মচারীর নাম :

(খ) পিতার নাম:

২। (ক) জন্মতারিখ:

(খ) চাকুরিতে যোগদানের তারিখ :

(গ) অবসর গ্রহণের তারিখ:

৩। অবসর গ্রহণের সময় যে-কার্যালয়/দপ্তরে চাকুরিতে নিযুক্ত ছিলেন উহার নাম :

৪। অবসর গ্রহণ কালে যে-পদে অধিষ্ঠিত ছিলেন উহার নাম :

৫। অবসর গ্রহণকালে প্রাপ্ত মাসিক বেতন :

(ক) মূলবেতন :

(খ) বিশেষ বেতন :

(গ) ব্যক্তিগত বেতন/কারিগরি বেতন/অন্য কোনো বেতন :

৬। যে-মেয়াদের উদ্বর্তন সুবিধার জন্য অতিরিক্ত চাঁদা প্রদান করা হইয়াছে :

আমি সশ্রদ্ধচিত্তে দৃঢ়ভাবে ঘোষণা করিতেছি যে উল্লিখিত তথ্যাবলি আমার সর্বোত্তম জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং আমি কোনো কিছু গোপন করি নাই। যদি কখনও প্রকাশ পায় যে আমি কোনো গুরুত্বপূর্ণ তথ্য গোপন করিয়াছি, তাহা হইলে আমি ইতোমধ্যে প্রাপ্ত অর্থ ফেরত প্রদানের জন্য দায়ী থাকিব।

আবেদনকারীর স্বাক্ষর ও নাম

বর্তমান ঠিকানা :

প্রত্যয়ন করা যাইতেছে যে উল্লিখিত তথ্যাবলি এই কার্যালয়ে প্রাপ্ত রেকর্ড হইতে পরীক্ষা করা হইয়াছে এবং উহা যথাযথ পাওয়া গিয়াছে।

স্বাক্ষর

কার্যালয় দপ্তরপ্রধানের নাম

পদের নাম ও দাপ্তরিক সিল



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা

সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

পরিশিষ্ট-ঘ

(প্রবিধান ১৫ (৩) দ্রষ্টব্য)

কর্তৃপক্ষের নিকট পেশ করিবার জন্য বার্ষিক হিসাববিবরণী ফরম

টাকা

১। বৎসরের প্রারম্ভে স্থাবর সম্পত্তি :

২। বৎসরের প্রারম্ভে স্থায়ী আমানত :

৩। বৎসরের প্রারম্ভে স্থিতি :

(ক) হাতে নগদ :

(খ) চলতি হিসাব :

(গ) এস.টি.ডি. হিসাব :

(ঘ) সঞ্চয় হিসাব :

মোট প্রারম্ভিক স্থিতি =

৪। বৎসরের আয় :

(ক) বৎসরে অনুদান হিসাবে কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত তহবিলের পরিমাণ :

(খ) বৎসরের চাঁদা/দান হিসাবে প্রাপ্ত তহবিলের পরিমাণ :

(গ) বিনিয়োগ হইতে প্রাপ্ত সুদ :

(ঘ) বিবিধ প্রাপ্তি :

মোট আয় =

৫। বৎসরের ব্যয় :

(ক) বৎসরে সুবিধাভোগীদের প্রদত্ত অর্থ :

(খ) বৎসরের প্রশাসনিক ব্যয় :

(১) প্রাতিষ্ঠানিক ব্যয় :

(২) অন্যান্য :

(গ) বৎসরে বিনিয়োগকৃত তহবিলের পরিমাণ :

(১) প্রকৃতিসহ স্থাবর সম্পত্তিতে:

(২) স্থায়ী আমানতে : মোট ব্যয় =

৬। বৎসর শেষে স্থিতি :

(ক) হাতে নগদ :

(খ) চলতি হিসাব :

(গ) এস.টি.ডি. হিসাব :

(ঘ) সঞ্চয়ী হিসাব :

মোট বৎসর শেষে স্থিতি =

৭। বৎসর শেষে স্থাবর সম্পত্তি :

৮। বৎসর শেষে স্থায়ী আমানত :

৯। বৎসরে নিষ্পত্তীকৃত কল্যাণ তহবিলের দাবিসমূহের সংখ্যা :

স্বাক্ষর

২২.০৬.১৯৮৬

(এ. কে.এম.টি হোসেন)

সচিব।



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২/১২/১৭
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়,ঢাকা।

সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

২ ভাদ্র ১৩৯৪
তারিখ : ----------------
১৯ আগস্ট ১৯৮৭

দপ্তর আদেশ নং ৫৪০/৮৭

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ কল্যাণ তহবিল প্রবিধানমালা, ১৯৮৩-এর প্রবিধান ২০-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ কল্যাণ তহবিল বিধিমালা নিম্নরূপভাবে সংশোধন করিল, যথা—

(ক) কল্যাণ তহবিল প্রবিধানমালার প্রবিধান ৮ (১)-এ উল্লিখিত বিষয়বস্তুর স্থলে হইবে :

'প্রত্যেক কর্মচারী তাঁহার বেতনের শতকরা ১ (এক) ভাগের সমপরিমাণ, যাহা ভগ্নাংশের ক্ষেত্রে নিকটতম টাকায় রূপান্তরিত হইবে, এবং সর্বোচ্চ টাকা ৪০, কল্যাণ তহবিলে মাসিক চাঁদা প্রদানের জন্য দায়ী থাকিবেন';

(খ) কল্যাণ তহবিল প্রবিধানমালার প্রবিধান ৯ (৩)-এ উল্লিখিত বিষয়বস্তুর পরিবর্তে প্রতিস্থাপিত হইবে :

'মাসিক প্রদেয় কল্যাণঅনুদানের পরিমাণ নিম্নরূপ হইবে, যথা—

যে-কর্মচারীর বেতন—

অনূর্ধ্ব টাকা ৭০০-তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ২০০;
টাকা ৭০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৮০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ২২৫
টাকা ৮০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৯০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ২৫০
টাকা ৯০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,০০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ২৭৫
টাকা ১,০০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,১০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৩০০
টাকা ১,১০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,২০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৩২৫
টাকা ১,২০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,৩০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৩৫০
টাকা ১,৩০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,৪০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৩৭৫
টাকা ১,৪০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,৫০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৪০০
টাকা ১,৫০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,৬০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৪২৫
টাকা ১,৬০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,৭০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৪৫০
টাকা ১,৭০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,৮০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৪৭৫
টাকা ১,৮০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ১,৯০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৫০০
টাকা ১,৯০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,০০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৫২৫
টাকা ২,০০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,১০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৫৫০
টাকা ২,১০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,২০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৫৭৫
টাকা ২,২০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,৩০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৬০০
টাকা ২,৩০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,৪০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৬২৫
টাকা ২,৪০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,৫০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৬৫০
টাকা ২,৫০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,৬০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৬৭৫
টাকা ২,৬০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,৭০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৭০০



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা

সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

টাকা ২,৭০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,৮০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৭২৫
টাকা ২,৮০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ২,৯০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৭৫০
টাকা ২,৯০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৩,০০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৭৭৫
টাকা ৩,০০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৩,১০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৮০০
টাকা ৩,১০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৩,২০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৮২৫
টাকা ৩,২০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৩,৩০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৮৫০
টাকা ৩,৩০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৩,৪০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৮৭৫
টাকা ৩,৪০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৩,৫০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৯০০
টাকা ৩,৫০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৩,৬০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৯২৫
টাকা ৩,৬০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৩,৭০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৯৫০
টাকা ৩,৭০০-এর উর্ধ্বে কিন্তু টাকা ৩,৮০০-এর উর্ধ্বে নহে, তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ৯৭৫
টাকা ৩,৮০০-এর উর্ধ্বে তাহার ক্ষেত্রে কল্যাণঅনুদান টাকা ১,০০০।'

(গ) কল্যাণ তহবিল প্রবিধানমালার প্রবিধান ৯-এ দুই স্থানে উল্লিখিত 'পাঁচ বৎসর' শব্দদ্বয়ের পরিবর্তে 'দশ বৎসর' শব্দদ্বয় প্রতিস্থাপিত হইবে এবং দুই স্থানে উল্লিখিত 'দশ বৎসর' শব্দদ্বয়ের পরিবর্তে 'পনেরো বৎসর' শব্দদ্বয় প্রতিস্থাপিত হইবে;

(ঘ) কল্যাণ তহবিল প্রবিধানমালার প্রবিধান ১১ (১)-এ বিষয়বস্তুর পরিবর্তে প্রতিস্থাপিত হইবে 'যদি কোনো কর্মকর্তা অথবা কর্মচারীকে নিজের শারীরিক অসুস্থতার কারণে কর্তৃপক্ষের প্রধান চিকিৎসকের পূর্ব পরামর্শ-অনুযায়ী কোনো হাসপাতালে অথবা ক্লিনিকে জরুরি অস্ত্রোপচার করিতে হয়, তাহা হইলে অস্ত্রোপচার ও আনুষঙ্গিক ঔষধপত্রের ব্যয়ের জন্য সর্বোচ্চ দুই হাজার টাকা মঞ্জুর করা যাইতে পারে। এই ধরনের মঞ্জুরি কাহাকে ও একাধিকবার প্রদান করা যাইবে না;' এবং

(ঙ) কল্যাণ তহবিল প্রবিধানমালার প্রবিধান ১১ (খ)-এ উল্লিখিত 'টাকা ৭৫০'-এর পরিবর্তে 'টাকা ২০০০' প্রতিস্থাপিত হইবে এবং 'টাকা ১০০০'-এর পরিবর্তে 'টাকা ২০০০' প্রতিস্থাপিত হইবে।

৩। এই সংশোধনী ০১/০৭/১৯৮৭ তারিখ হইতে বলবৎ হইবে।

স্বাক্ষর
(আনোয়ার হোসেন)
সচিব

অনুলিপি : ১। সকল দপ্তরপ্রধান (প্রচারের জন্য), বিআইডব্লিউটিএ।



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২১/১২/১৭
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা

২১/১২/২০১৭
সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা

তারিখ : ৩০-১২-১৯৮৪

অফিস আদেশ নং ১০২৮/৮৪

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ কল্যাণ তহবিল প্রবিধানমালা, ১৯৮৩-এর প্রবিধান ২০-এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ কল্যাণ তহবিল প্রবিধানমালা, ১৯৮৩-এর প্রবিধান ৪ (১) ও (২) এবং প্রবিধান ১৫ (২) নিম্নরূপ প্রতিস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে, যথা—

প্রবিধান ৪ (১)—কর্তৃপক্ষ কল্যাণ তহবিলের জন্য ট্রাস্টি বোর্ড নামে একটি বোর্ড প্রতিষ্ঠা করিবে যাহা একজন চেয়ারম্যান, একজন ভাইস-চেয়ারম্যান, একজন কোষাধ্যক্ষ, একজন সদস্য-সচিব ও অন্য দুইজন সদস্য সমন্বয়ে গঠিত হইবে।

প্রবিধান ৪ (২)—বোর্ডের সদস্য-সচিব বোর্ডকে সকল সাচিবিক সহায়তা প্রদান করিবেন।

প্রবিধান ১৫ (২)—তহবিল হইতে কোনো অর্থ উত্তোলনের প্রয়োজন হইলে তাহা বোর্ডের কোষাধ্যক্ষ ও সদস্য-সচিবের যৌথ স্বাক্ষরিত চেক দ্বারা ব্যাংক হইতে উত্তোলন করা হইবে।

ইহা অবিলম্বে বলবৎ হইবে।

স্বাক্ষর
৩০.১২.১৯৮৪
(কিউ.এইচ.রহমান)
যুগ্মসচিব

অনুলিপি :

১। সকল দপ্তরপ্রধান, বিআইডব্লিউটিএ।



মো. মোস্তফা
অ্যাসাইনমেন্ট অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২/১২/১৭
আসমা ইসলাম
অনুবাদ কর্মকর্তা
বাংলা ভাষা বাস্তবায়ন কোষ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা

২২/১২/২০১৭
সাবিকুন নাহার
বিশেষজ্ঞ
বাংলা ভাষা বাস্তবায়ণ কোষ
সংস্কার ও গবেষণা অনুবিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।